দর্শনা পৌরসভা নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আগামী ৩০শে জানুয়ারী দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নিয়ে আইনশৃঙ্খলা ও আচরণ বিধিমালা প্রতিপালন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভা কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মো: জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যন আলী মুনছুর বাবু।

এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা সার্কেল আবু রাসেল, দামুড়হুদা উপজেলা নির্বাচন অফিসার ইসহাক আলি, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান, দর্শনা পৌরসভার বর্তমান মেয়র ও আওয়ামী লীগের (নৌকা) প্রার্থী মতিয়ার রহমান, জাতীয়তাবাদী দল বিএনপি (ধানের শীষ) প্রার্থী হাবিবুর রহমান বুলেট ও জামায়াত সমর্থিত (মোবাইল) প্রার্থী আশকার আলী, সকল ওর্য়াড কাউন্সিলর প্রার্থীরাসহ সাংবাদিক, আইন শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তা-কর্মচারী প্রমুখ।

বিশেষ অতিথির বক্তব্যে পুলিশ সুপার মো: জাহিদুল ইসলাম বলেন, দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন আবাধ-সুষ্ঠু করতে কঠোর থেকে কঠোর অবস্থানে যাবে পুলিশ।

জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার বলেন, দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচনে কোন ধরণের অনিয়ম হতে দেওয়া হবেনা। যদি কেউ নির্বাচন নিয়ে নোংরামো করতে আসে তবে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সুষ্ঠু নির্বাচনের লক্ষে কোনো প্রকার অনিয়ম সহ্য করা হবে না। এ নির্বাচনে নির্বাচনী এলাকায় ৯ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও প্রতিটি ওর্য়াডে ১ জন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট দায়িত্বে থাকবেন। এছাড়াও নির্বাচনী এলাকায় পর্যাপ্ত পরিমাণ পুলিশ, র্যাব

বিজিবিসহ আইনশৃঙ্খলা বাহিনী নিয়োজিত থাকবে।

জনগণের কথা বিবেচনা করে এবং তাদের যেন কোন স্বাস্থ্য ঝুঁকি না থাকে সে কারণে স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে ভোট কেন্দ্রে যাওয়ার আহবান জানান।

দর্শনায় মাদক ব্যবসা করায় স্ত্রীকে তালাক

চুয়াডাঙ্গা জেলার দর্শনার মোহাম্মদপুরে স্বামীর চোখ ফাঁকি দিয়ে ফেনসিডিল ব্যবসা করায় স্ত্রীকে তালাক দিয়েছে স্বামী। জানা যায়, দর্শনার মোহাম্মদপুর মসজিদ পাড়ার বাসিন্দা মোঃ জনি ড্রাইভার
(৪০) এর স্ত্রী মোছাঃ শারমিন বেগম গোপনে ফেনসিডিল এর ব্যবসা করতেন।

এ বিষয়ে স্বামী মোঃ জনি তার স্ত্রী শারমিন বেগমকে বেশ কয়েকবার মানা করেন ফেনসিডিল এর ব্যবসা না করার জন্য। কিন্তু শারমিন বেগম তার স্বামীর কথা না শুনে গোপনে দীর্ঘদিন এই মাদক ব্যবসা করে আসছিল।

গতকাল শারমিন বেগম এর শ্বশুর ও শাশুড়ির কাছে হাতে নাতে ধরা পড়ে। শ্বশুর ও শাশুড়ি বলেন, তাদের ছেলের বউ শারমিন বেগম বাথরুমে ২০০ বোতল লুকিয়ে রাখে কিন্তু সেটা আমাদের চোখে পড়ে যায় এই বিষয়ে আমি আমার ছেলেকে সাথে সাথে জানালে আমার ছেলে বাসায় এসে তার স্ত্রী কে আর রাখবে না বলে সিদ্ধান্ত নেয় এবং বলে এতবার মানার পরে এই অসৎ কাজে আবার যুক্ত হয়ে আমাদের মান সম্মান নষ্ট করেছে তাই আমি এই বউ আর রাখবো না।

সাথে সাথে তালাক দিয়ে দেন স্বামী মোঃ জনি ড্রাইভার। জানা যায়, শারমিন বেগম ২ সন্তানের জননী। চুয়াডাঙ্গা কোর্ট আদালতে এড্যাভোকেট আসলাম উদ্দীনের স্বাক্ষর এ তালাক হয়। এ বিষয়ে শারমিন বেগম দর্শনা থানায় অভিযোগ করেছেন।

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির মতিবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার প্রাণ কেন্দ্র দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়ছে। গতকাল শনিবার সন্ধ্যায় প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হাসোন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক তারিক জামান, প্রেসক্লাবের সাবক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ।

ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় আরো আলাচনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সদস্য ইয়াছির আরাফাত মিলন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন।

অন্যান্যদের মধ্যে ছিলেন, জিল্লুর রহমান মধু, মাসুম বিল্লাহ, ইমতিয়াজ আহমেদ রয়েল, আ. রহমান, ওয়াসিম রয়েল, সুজন মাহামুদ, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, আ. হান্নান প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে প্রেসক্লাবের গঠনতন্ত্র সংশোধনে এফএ আলমগীরকে আহবায়ক, হানিফ মন্ডল ও মাসুম বিল্লাহকে যুগ্ন আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। আগামী বৃহস্পতিবারের মধ্যে গঠনতন্ত্র সংশাধনী প্রেসক্লাবে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

দর্শনার কুড়ুলগাছিতে ধানের চারা রোপণের উপর কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনার কুড়ুলগাছিতে রাইচ ট্রান্সপ্লান্টের মাধ্যমে ধানের চারা রোপণের উপর কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৪ ঘটিকার সময় কনিকা সীড কোম্পানির ম্যানেজার মোঃ মমিনুল ইসলাম এর পরিচালনায় এবং মোঃ সরফরাজ আলী (সাবেক চেয়ারম্যান) কুড়ুলগাছি ইউনিয়ন দামুড়হুদা চুয়াডাঙ্গা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন মাওলানা মোঃ নূরুল আমীন (সুপার) কার্পাসডাঙ্গা হাদিকাতুল উলুম বালিকা দাখিলা মাদ্রাসা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও বাস্তবায়ন) সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষিবিদ মোঃ মনিরুজ্জামান উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দামুড়হুদা চুয়াডাঙ্গা, কৃষিবিদ আলী হাসান উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চুয়াডাঙ্গা, মোঃ নূর আলম (লিটন) ব্যবস্থাপনা পরিচালক কনিকা সীড কোম্পানি লিঃ, মুন্সি মোঃ সিরাজুল ইসলাম সদস্য, জেলা পরিষদ চুয়াডাঙ্গা, শাহ্ মোঃ ইনামুল করিম (ইনু) চেয়ারম্যান কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ দামুড়হুদা চুয়াডাঙ্গা, মাও মোঃ আব্দুস সামাদ আজাদ সহকারী সুপার কার্পাসডাঙ্গা হাদিকাতুল উলুম বালিকা দাখিলা মাদ্রাসা, কৃষিবিদ খন্দকার আবুল খায়ের প্রতিনিধি সিমিট বাংলাদেশ, মোঃ জাহিদুল ইসলাম অফিসার মার্কেট ডেভেলপমেন্ট আইডিই বাংলাদেশ।

অনুষ্ঠানে প্রধান অতিথি মোঃ মিজানুর রহমান তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষিকে এগিয়ে নিতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে, খুব

দ্রুত আমরা কৃষি ক্ষেত্রে একটি বড় বিপ্লব ঘটাবো আশা করি।

অনুষ্ঠান শেষে রাইচ ট্রান্সপ্লান্টের মাধ্যমে উক্ত মাঠে ধান রোপণ করে অনুষ্ঠান শেষ করা হয়। অনুষ্ঠানটি চুয়াডাঙ্গা জেলার দর্শনার কুড়ুলগাছি মাঠে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটির আয়োজনে কনিকা সীড কোম্পানি চুয়াডাঙ্গা এবং সহযোগিতাই সিসা এমইএ প্রকল্প, যশোর হাব।

সেই সময় মেহেরপুর প্রতিদিন পত্রিকার ফরহাদ হোসেন, চ্যানেল এস চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি আফজালুল হক বাদলসহ কুড়ুলগাছি গ্রামের কৃষকেরা উপস্থিত ছিলেন।

দর্শনা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত, নতুন কমিটি গঠন

চুয়াডাঙ্গা জেলার প্রাণ কেন্দ্র দর্শনা প্রেস ক্লাবের সকল সদস্যর উপস্থিতিতে সাধারণ সভায় সাংবাদিকদের মিলন মেলায় পরিণত হয়েছে। নিজেদের মধ্যে সকল মনমালিন্য ভুলে সর্বসম্মতিক্রমে দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির কমিটি ঘোষণা করা হয়।

দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু ও সাধারণ সম্পাদক হারুন রাজু এবং সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন ও সাধারণ সম্পাদক এসএম ওসমানকে মনোনীত করে ১১ সদস্য করে দুটি কমিটি ঘোষণা করা হয়েছে।

গত শনিবার বেলা ১১ টার দিকে প্রেস ক্লাব ভবনে অনুষ্ঠিত সাধারণ সভার সভাপতিত্ব করেন, ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু। বার্ষিক আয়-ব্যয়ের হিসাব তুলে ধরেন সাধারণ সম্পাদক আওয়াল হোসেন। সাবেক সভাপতি হানিফ মন্ডলের প্রাণবন্ত উপস্থাপনায় সর্বসম্মতিক্রমে গঠিত কমিটির নাম ঘোষণা করেন সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল।

ঘোষিত প্রেস ক্লাবের কমিটিতে সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-

সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাংগনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য প্রযুক্তি সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাহিত্য, সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সম্পাদক ইয়াছির আরাফাত মিলন, আহসান হাবীব মামুন ও ইকরামুল হক পিপুলের নাম ঘোষণা করা হয়েছে।

সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক তারিক জামান, সাহিত্য, সাংস্কৃতি ও ক্রিড়া সম্পাদক আজিম উদ্দিন আহমেদ, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, চঞ্চল মেহমুদ ও হানিফ মন্ডল। উপস্থিত ছিলেন, সাংবাদিক জিল্লুর রহমান মধু।

প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নবগঠিত কমিটির সকলকে অভিনন্দন জানিয়েছেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য ও দর্শনা প্রেস ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক হাজী মোঃ আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র ও প্রেস ক্লাবের উপদেষ্টা মতিয়ার রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহব্বুর রহমান কাজল, ইন্সপেক্টর (তদন্ত) শেখ মাহবুবুর রহমান, কেরুজ চিনিকলের এডিএম শেখ শাহাব উদ্দীন ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি নুরুন নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, হিজলগাড়ি প্রেস ক্লাবের সভাপতি আরিফ হাসান, সাধারণ সম্পাদক সেলিম উদ্দিন।

দর্শনা থানা পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১৬ বোতল ফেন্সিডিলসহ জাহিদুল ইসলাম (৩০) কে গ্রেফতার করা হয়েছে ।

পুলিশ জানায় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব, এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃ মহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনার সুলতানপুর গ্রামের জৈনক ইলিয়াস মোল্লার ফাঁকা জমির উপর থেকে ১৬ বোতল ফেন্সিডিলসহ আসামি জাহিদুল ইসলাম কে গ্রেফতার করে। আসামি জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলার দর্শনার সুলতানপুরের দক্ষিণপাড়ার জান মোহাম্মদ এর ছেলে।

পুলিশ আরও জানায় আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে। এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল বলেন, দর্শনা কে মাদকমুক্ত করতে পুলিশ প্রসাশনের পাশাপাশি জনসাধারণের সহযোগিতা থাকলে আমরা খুব দ্রুত দর্শনাকে মাদকমুক্ত করতে পারবো।

দর্শনায় ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের পৃথক মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল ও মদসহ ইমন, বুদো, খোদাবক্স এবং মোসা কে গ্রেফতার করা হয়েছে।

গতকাল দর্শনা থানার (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে রাত ০৮ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই খান আব্দুর রহমান, এ এস আই আনোয়ারুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মোড় হতে ১০ (দশ) বোতল ফেন্সিডিলসহ মোঃ মেহেদী হাসান ইমন কে গ্রেফতার করে। আসামি মেহেদী হাসান ইমন দর্শনা আজিমপুরের আঃ মালেক এর ছেলে।

অপরদিকে, দুপুর ২.৩০ ঘটিকার সময় এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃমহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন প্রতাপপুর গ্রাম হতে, ০৩ (তিন) কেজি গাঁজা উদ্ধারসহ ৩ জন আসামিকে গ্রেফতার করে। আসামিরা হলেন ১/ মোঃ বুদো (৪৩), পিতাঃ মোঃ আবুল কালাম, গ্রাম চন্ডিপুর,

আসামি ২/মোঃ খোদাবক্স (২৭), পিতাঃ মোঃ হায়দার আলী গ্রাম

প্রতাপপুর আসামি ৩/মোঃআবু মুসা পিতা-মৃত মোসলেম গ্রাম কৃষ্ণপুর বোয়ালমারী, উভয়ে দর্শনা থানার জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত সকল আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনা কেরু’জ মিলে আখ সংগ্রহে অনিয়ম

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় অবস্থিত কেরু এন্ড কোম্পানি একটি ভারি শিল্প প্রতিষ্ঠান। এই কেরু’জ চিনিকলে আখ থেকে চিনি, গুড়, চিটাগুড়, মদ ইত্যাদি উৎপাদন করা হয়। আখই কেরু’জ চিনিকলের মূল কাঁচামাল, আখ ছাড়া এই চিনিকল পরিচালনা করা অসম্ভব।

কিন্তু দর্শনা কেরু’জ চিনিকলেএই মূল কাঁচামাল আখ সংগ্রহে অনিয়ম দেখা গেছে। সেন্টার বাদে অনুমোদন ছাড়াই মদনা মাঠে ট্রাক্টরে আখ লোড দিতে দেখা গেছে। আর এই অনিয়ম কারণেই আখ চাষি ক্ষতিগ্রস্ত হচ্ছে যার কারণে মুখ ফিরিয়ে নিচ্ছে সাধারণ চাষি।

এই বিষয়ে কেরু এন্ড কোম্পানির জিএম গিয়াস উদ্দীনের সাথে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি বলেন, আমি এখন ঢাকায় আছি, আমি এখন এ বিষয়ে কোন কথা বলবো না।

এ বিষয়ে কেরু’জ সিআই মনির উদ্দীনের কাছে আখ মাঠ থেকে কেটে নেওয়ার পর সেন্টার এর অনুমোদন ছাড়া মাঠে ট্রাক্টরে লোড করার কোন অনুমোদন আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, সেন্টার এর কাটাই ওজন হবে তারপর ট্রাক্টর লোড হবে এর বীপরিতে কিছু করলে তার কোন অনুমোদন নেই।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) শেখ সাহাবদ্দীনের কাছে জানতে চাইলে তিনি বলেন, আমার জানামতে মদনা মাঠে কেরু এন্ড কোম্পানির ট্রাক্টরে আখ লোডের অনুমোদন নেই।

জানা গেছে, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের হাফিজুল এর ছেলে আখ চাষী

আব্দুল আজিজ। এই বিষয়ে তার কাছে জানতে গেলে তিনি সাংবাদিক দেখে দৌড়ে পালিয়ে য়ান। অনুমোদন ছাড়া ট্রাক্টরে আখ লোড দেওয়া গাড়ীর চালান নং ৪৮৩১ এবং গাড়ীর লাইসেন্স নং ২০ এবং ড্রাইভার এর নাম সৈকত আলী।

এ ঘটনায় তদন্ত করলে বেরিয়ে আসবে আসল রহস্য তবে সেন্টার বাদে কিভাবে ট্রাক্টর লোড করে সরকারি অর্থ হাতিয়ে নিচ্ছে একটি কুচক্র মহল। এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব আবু সাইদ ব্যবস্থা নিবেন আশা করছে সাধারণ কৃষককূল ।

জীবননগর পৌর নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহ

জীবননগর পৌরসভা নির্বাচনে নির্বাচন কমিশন কর্তৃক চতুর্থ ধাপের তফসিল ঘোষণা করেছে। ১৭ জানুয়ারি মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিন, ১৯শে জানুয়ারি যাচাই-বাছাই ২৫ শে জানুয়ারি মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। আগামী ১৪ ই ফেব্রুয়ারি নির্বাচন অনুষ্ঠিত হবে।

মনোনয়নপত্র সংগ্রহের দ্বিতীয় দিনে মেয়র পদে বি এন পির পৌর যুবদলের আহ্বায়ক হযরত আলী ও সাবেক পৌর বিএনপির সভাপতি শাহজাহান কবির উপজেলা রিটার্নিং অফিসার ও নির্বাহী অফিসারের নিকট থেকে তাদের মনোনয়নপত্র সংগ্রহ করেন।

এছাড়া কাউন্সিলর পদে ২ নাম্বার ওয়ার্ড থেকে একজন, ৩ নম্বর ওয়ার্ড থেকে পাঁচজন, ৪ নাম্বার ওয়ার্ডের তিনজন, ৫ নম্বর ওয়ার্ডের দুইজন, ৬ নম্বর ওয়ার্ডের তিনজন, ৭ নম্বর ওয়ার্ডের চারজন, ৮ নম্বর ওয়ার্ডের তিনজন, ও ৯ নম্বর ওয়ার্ডের একজন ও সংরক্ষিত মহিলা আসনে তিনজন প্রার্থী তাদের মনোনয়নপত্র সংগ্রহ করেন। উল্লেখ্য, জীবননগর পৌরসভায় মোট ভোটার সংখ্যা ২০,৮২৭জন।

দর্শনায় ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৮০ বোতল ফেন্সিডিলসহ মোছাঃ শাকিলা খাতুন(৫৬) কে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে গতকাল বুধবার রাত ৮.৪৫ ঘটিকার সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই মোঃ শরিফুল ইসলাম, এ এস আই মোঃ শাহিন আলম, এএসআই মোঃ কুদ্দুস আলী, এএসআই ইদ্রিস আলী এবং সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) আসামির বসত বাড়ির উঠান হতে ৮০ বোতল ফেন্সিডিলসহ আসামি মোছাঃ শাকিলা খাতুন কে গ্রেফতার করা হয় ।

আসামি শাকিলা খাতুন দর্শনা থানার চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।